

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ  
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০  
www.dpe.chittagongdiv.gov.bd

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.০৮.০১০.২৪. ৪৬২

তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৪

**অফিস আদেশ**

চট্টগ্রাম বিভাগাধীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী এর সুপারিশের প্রেক্ষিতে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে শিক্ষকের নামের পাশে বর্ণিত সময়ের জন্য বহিঃ বাংলাদেশ গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্র. নং	নাম, পদবি ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
১.	জনাব লুৎফুন নাহার, সহকারী শিক্ষক আহাম্মদপুর বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় সেনবাগ, নোয়াখালী।	১৩-০২-২০২৪ হতে অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনেরো) দিন।	সন্তানের ফলোআপ চিকিৎসার সফরসঙ্গী হিসেবে ভারত গমন।
২.	জনাব মিনা রায়, সহকারী শিক্ষক উত্তর চরজুবিলী সরকারি প্রাথমিক বিদ্যালয় সুবর্ণচর, নোয়াখালী।	১৫-০৩-২০২৪ হতে অথবা যাত্রার তারিখ হতে ২৫ (পঁচিশ) দিন।	তীর্থস্থান ভ্রমণের নিমিত্ত ভারত গমন।
৩.	জনাব সুস্মিতা দেবনাথ, সহকারী শিক্ষক সুন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চাটখিল, নোয়াখালী।	০১-০২-২০২৪ হতে অথবা যাত্রার তারিখ হতে ২৮ (আটশ) দিন।	তীর্থস্থান ভ্রমণের নিমিত্ত ভারত গমন।

**শর্তাবলী:**

- বহিঃ বাংলাদেশ গমনের পূর্বে এবং প্রত্যাবর্তনের পরে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।
- কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ছুটিকালীন বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- নির্ধারিত সময়ের পর কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮ জুন, ২০২২ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-৮১২ নং পত্র মোতাবেক অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-

ড. মোঃ শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫২৫৩

E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.০৮.০১০.২৪. ৪৬২/২৬

তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। মহাপরিচালক (শ্রেণি-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। মহাপরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। হাই কমিশনার/সহকারী হাই কমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাস, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ৫। ইমিগ্রেশন কর্মকর্তা, সীমান্ত চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, যশোর/ঢাকা ক্যান্টনমেন্ট রেল স্টেশন, ঢাকা/আখাউড়া স্থল বন্দর, ব্রাহ্মণবাড়িয়া/বিবির বাজার, কুমিল্লা, বাংলাদেশ।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করবেন।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, সেনবাগ/সুবর্ণচর/চাটখিল, নোয়াখালী। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকদের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সেনবাগ/সুবর্ণচর/চাটখিল, নোয়াখালী।
- ৯। জনাব লুৎফুন নাহার, সহকারী শিক্ষক, আহাম্মদপুর বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সেনবাগ, নোয়াখালী।
- ১০। জনাব মিনা রায়, সহকারী শিক্ষক, উত্তর চরজুবিলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সুবর্ণচর, নোয়াখালী।
- ১১। জনাব সুস্মিতা দেবনাথ, সহকারী শিক্ষক, সুন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, চাটখিল, নোয়াখালী।
- ১২। সংরক্ষণ নথি।

ড. মোঃ শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক

২০.০৫.২৪